

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৩৯/২০১২

তারিখঃ ১৫/০৭/২০১২খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

৩১ আষাঢ়, ১৪১৯ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং- এস ১৫-৫৯/বিবিধ/লাইঃ/২০০৭/১৮১২- কাস,
তারিখঃ ১১/০৭/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
(এম রহমান)
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ কাস্টম হাউসে প্রবেশের ক্ষেত্রে প্রক্সিমিটি আইডি কার্ড চালু করণ।

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর পত্র নথি নং-৩(৩)শুক্ক আঃও সঃ/সুয়োমটো/২০১১/১১ তারিখ ২৬/০২/২০১২ বরাতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট ডিভিশনের Suo Moto Rule No. 41/2011 এর তারিখ ৩০/০১/২০১২ মোতাবেক স্বয়ংক্রিয় পদ্ধতির আওতায় নিরাপদ ও সুষ্ঠু কর্ম পরিবেশ সৃষ্টির জন্য কাস্টম হাউসের প্রবেশদ্বারে ডিজিটাল ম্যাগনেটিক গেইট স্থাপনপূর্বক উপযুক্ত অনুমতিপত্র (e.g. Proximity Card) ব্যবহারের মাধ্যমে অবৈধ অনুপ্রবেশ বন্ধ করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

২। বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রামের প্রবেশদ্বারে স্থাপিত সকল ডিজিটাল ম্যাগনেটিক গেইট ব্যবস্থা আগামী ২৫/০৭/২০১২ তারিখ হতে সম্পূর্ণভাবে কার্যকর করা হবে। এ লক্ষ্যে সকল সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখের পূর্বে লাইসেন্স শাখা হতে বৈধ Proximity Card সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

৩। উক্ত তারিখের পরে এ দপ্তর হতে ইস্যুকৃত Proximity Card ব্যতিত কাস্টম হাউসে প্রবেশ করা সম্ভব হবে না।

৪। এজেন্টের নিয়োগকৃত কর্মচারীদের কার্ড বিতরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হবেঃ

(ক) মালিক ব্যতিত কোন প্রকার কর্মচারীর কার্ড ইস্যু করা হবে না অর্থাৎ যে সকল ক্ষেত্রে মালিক কার্ড গ্রহণ করেননি সে সকল ক্ষেত্রে কর্মচারীদের কার্ড বিতরণ করা হবে না।

(খ) মালিক নিজে বা তার স্বাক্ষরিত ক্ষমতাসম্পন্ন পত্রের ভিত্তিতে কর্মচারীদের কার্ড বিতরণ করা হবে।

(গ) কেবলমাত্র অনুমোদিত কাস্টম সরকারকেই কার্ড প্রদান করা হবে।

স্বাঃ/-

সৈয়দ মুসফিকুর রহমান

যুগ্ম কমিশনার

ও

চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ

কাস্টম হাউস, চট্টগ্রাম।

টেলিফোন-০৩১-৭১৩৯১৭

তারিখঃ ১১/০৭/২০১২ইং।

নথি নং-এস-১৫-৫৯/বিবিধ/লাইঃ/২০০৭/১৮১২-কাস